গাংনীতে পুলিশের অভিযানে ৫ নারীসহ ৯ আসামি গ্রেফতার

গাংনী থানা পুলিশের নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় আদালতের গ্রেফতারি পরোয়ানাভূক্ত ৫ নারীসহ ৯ আসামি গ্রেফতার হয়েছে।

সোমবার দিবাগত রাত ব্যাপি আজ মঙ্গলবার ভোররাত পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে থানা পুলিশের পৃথক টিম একাধিক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতরা হলেন, গাংনী উপজেলার সাহেবনগর গ্রামের আমির আলীর স্ত্রী আয়েশা খাতুন মামলা নং সিআর ৩৫৯/২২, ওসমান আলীর স্ত্রী সানোয়ারা খাতুন, মামলা নং সিআর ৩৫৯/২২, মোবারক হোসেনের স্ত্রী সেলিনা খাতুন, মামলা নং সিআর ৩৭২/২২, বাবুল শাহ’র স্ত্রী পারুল খাতুন মামলা নং সিআর ৩৫৯/২২, সিরাজুল ইসলামের স্ত্রী সাবানা খাতুন মামলা নং সিআর ৩৭৩/২২, গাংনী থানার নিয়মিত মামলা নং ১১, তারিখ ০৮/০৫/২৩, ধারা ৪৩৬ পিসি এর আসামি নওদাপাড়া গ্রামের রিয়াজতুল্লাহর ছেলে রোজিফোর ও তার ছেলে হৃদয় হোসেন, সিআর মামলা নং ২১৮/২০২২ এর আদালতের পরোয়ানাভূক্ত আসামি গাংনী পৌর সভার শিশিরপাড়া গ্রামের রহমতুল্লাহ খাঁ এবং মামলা নং সিআর ২২৮/২০২৩ এর আসামি গাঁড়াডোব গ্রামের লালু’র ছেলে জনি হোসেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, গোপন সুত্রে খবর পেয়ে গাংনী থানার একাধিক টিম পৃথক অভিযান চালিয়ে এইসব আসামি গ্রেফতার করেন।

আসামিদের আজ মঙ্গলবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে পুলিশের অভিযানে

গ্রেফতার-৪, হেরোইন উদ্ধার

মুজিবনগরে হেরোইন বিক্রেতাসহ বিভিন্ন মামলার ৪ আসামি গ্রেফতার করেছে থানা পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন, মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের হযরত আলীর ছেলে বিপ্লব হোসেন, আব্দুস সালামের স্ত্রী ইরানি সুলতানা, তাদের নামে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলা নং ২২৯/২৩, আনন্দবাস গ্রামের মোশাররফ হোসেনের ছেলে সলিম উদ্দীন , মামলা নং জিআর ২০/২৩ ইং। এছাড়া ২ গ্রাম হেরোইনসহ আনন্দবাস গ্রামের আরজুল্লাহর ছেলে জুলফিকার মল্লিক।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এতথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, গোপন সংবাদে আনন্দবাস গ্রামে অভিযান ২ গ্রাম হেরোইনসহ জুলফিকার মল্লিককে আটক করা হয়েছে। এছাড়া পুলিশের পৃথক টিম একই গ্রামে অভিযান চালিয়ে জিআর ও সি আর মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ৪ আসামি গ্রেফতার করে।

আটক জুলফিকার মল্লিকের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর জেনারেল হাসপাতালের ৫ দালালকে ৫ দিনের কারাদন্ড

সরকারি হাসপাতালে আগত সাধারণ রোগীদের ভুল বুঝিয়ে বেসরকারি ডায়াগনোস্ট্রিক সেন্টারে নিয়ে যাওয়া ও জনদূর্ভোগ সৃষ্টির অপরাধে ৩ নারীসহ ৫ জন দালালকে ৫ দিন করে বিনাশ্রম কারাদন্ড দিয়েছেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোছা: রনী খাতুন।

আজ মঙ্গলবার (৯ মে) দুপুরের দিকে মেহেরপুর জেনারেল হাসপাতাল

চত্ত্বরে সদর থানার পুলিশের সহযোগীতায় অভিযান চালিয়ে এসব দালালকে আটক করে ভ্রাম্যমান আদালত।

দন্ডিতরা হলেন, মেহেরপুর জেলা শহরের গোরস্থানপাড়া এলাকার মো: মিন্টু আলীর স্ত্রী খাজুরা খাতুন(৩৫), সদর উপজেলার বাঁড়িবাকা গ্রামের ইজারুল ইসলামের স্ত্রী সুমি খাতুন (৩২), যাদবপুর গ্রামের আনারুল ইসলামের ছেলে জামাল উদ্দীন (৩২), দিঘিরপাড়া গ্রামের দেলোয়ার হোসেনের ছেলে সোহাগ হোসেন (৩২) ও দিঘিরপাড়া গ্রামের আলাউদ্দীনের মেয়ে জেসমিন খাতুন (৩৩)।

জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোছা: রনী খাতুন বলেন, দন্ডিতরা দীর্ঘদিন যাবৎ হাসপাতালে আসা গ্রামের রোগীদের ভুল বুঝিয়ে সরকারি সেবা থেকে বঞ্চিত করে বিভিন্ন প্রাইভেট ক্লিনিকে ও ডায়াগনোস্ট্রিক সেন্টারে নিয়ে গিয়ে কমিশন বাণিজ্য করে থাকেন। এতে রোগীদের সময়, অর্থ ও স্বাস্থের হানি ঘটে। এদের বারবার শতর্ক করার পরেও প্রতিনিয়ত এই অনৈতিক কাজ করে থাকেন। আজ মঙ্গলবার তাদের আটক করে দন্ড বিধি ১৮৬০ এর ২৯১ ধারায় প্রত্যেককে ৫ দিন করে বিনাশ্রম কারাদন্ড দিয়ে জেল হাজতে প্রেরণের নির্দেশ দেওয়া হয়েছে।

এসময় মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি), সাইফুল ইসলাম, জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলমসহ পুলিশের একটি টিম ভ্রাম্যমান আদালতকে সহযোগীতা করেন।

উল্লেখ্য, দন্ডিতদের এর আগেও বেশ কয়েকবার আটক করে ভ্রাম্যমান আদালতে নিয়ে জেল ও জরিমানা করা হয়েছে। তাদের বিভিন্নভাবে শতর্ক করা হয়েছে। তারপরেও তারা একই কাজ বার বার করেন।

আরাভ খানের ১০ বছরের কারাদণ্ড

দুবাইয়ের আলোচিত সোনা ব্যবসায়ী আরাভ খান ওরফে রবিউল ইসলামের বিরুদ্ধে অস্ত্র আইনে দায়ের করা মামলায় ১০ বছরের সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। একইসঙ্গে ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও তিন মাসের কারদণ্ড দেওয়া হয়েছে তাকে।

মঙ্গলবার (৯ মে) ঢাকার ষষ্ঠ অতিরিক্ত মহানগর দায়রা জজ ও মেট্রো বিশেষ ট্রাইব্যুনাল-১৪ এর বিচারক মুর্শিদ আহাম্মদের আদালত এ রায় ঘোষণা করেন।

এর আগে রোববার (৭ মে) ঢাকার ষষ্ঠ অতিরিক্ত মহানগর দায়রা জজ মুর্শিদ আহাম্মদ রাষ্ট্র ও আসামি পক্ষের যুক্তি উপস্থাপন শেষে রায় ঘোষণার জন্য আজ মঙ্গলবার (৯ মে) দিন ধার্য করে। এ মামলায় ২০ জনের মধ্যে ১০ জনের সাক্ষ্যগ্রহণ শেষ হয়েছে।

মামলার অভিযোগ থেকে জানা গেছে, ২০১৫ সালের ২৮ জানুয়ারি আরাভ খান তার শ্বশুর সেকেন্দার আলীকে ভয়-ভীতি দেখিয়ে টাকা আদায় করতে শ্বশুরের মগবাজারের বাসায় যান। এ সময় একটি গুলি ভর্তি রিভলবারসহ শ্বশুরের বাসার সামনে থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

এ ঘটনায় আরাভের বিরুদ্ধে রমনা মডেল থানায় অস্ত্র আইনে মামলা করেন ডিবি পশ্চিমের গাড়ি চুরি প্রতিরোধ ও উদ্ধার টিমের তৎকালীন উপ-পরিদর্শক সুজন কুমার কুন্ডু।

আসামি রবিউল ইসলাম আপনের বিরুদ্ধে অভিযোগের সত্যতা পাওয়ায় ২০১৫ সালের ১ মার্চ আদালতে অভিযোগপত্র দাখিল করেন মামলার তদন্ত কর্মকর্তা ডিবির উপ-পরিদর্শক শেখ হাসান মুহাম্মদ মোস্তফা সারোয়ার। একই বছরের ১০ মে আদালত রবিউলের বিরুদ্ধে অভিযোগ গঠনের মাধ্যমে বিচার শুরুর আদেশ দেন।

এ মামলায় ২০১৮ সালের ১৪ মার্চ জামিন পান রবিউল। এরপর জামিনে গিয়ে পলাতক থাকায় ২০১৮ সালের ২৪ অক্টোবর তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন আদালত।

সূত্র: ইত্তেফাক

মুজিবনগরে মাদক বিরোধী

অভিযানে ৩ জন আটক

মুজিবনগরে মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩ মাদকসেবীকে আটক করেছে থানা পুলিশ।

আটকরা হলেন, মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামের বাসাদ আলীর ছেলে সবুজ (২৭), মোনাখালি গ্রামের মৃত আজিজুল ফকিরের ছেলে ফারুক হোসেন (২৫) ও ভবেরপাড়া গ্রামের মৃত জয়নাল আবেদীনের ছেলে লাল চাঁদ (৪২)।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) উত্তম কুমার সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে এসব আসামিদের আটক করেন।

গতকাল সোমবার (৮ মে) দিনের বিভিন্ন সময়ে উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামিদের আটকের পরে তাদের হাসপাতালে নিয়ে ডোপ টেস্ট করে মাদকাসক্ত হিসেবে চিহিৃত হয়।

পরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে থানায় মামলা দিয়ে সন্ধ্যার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়।

মেহেরপুরে অনলাইন কজ লিস্ট ম্যানেজমেন্ট সিস্টেম পরিচালনা বিষয়ে প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন

“সকল মামলার তথ্য এক ঠিকানায়” এই স্লোগানকে সামনে রেখে এটুআই প্রোগ্রামের আওতায় সারা দেশের জেলা পর্যায়ের আদালতসমূহের তথ্য অনলাইনে প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

আমার আদালত অ্যাপ এবং https://causelist.judiciary.gov.bd/ এই

ঠিকানায় ভিজিট করে দেশ বিদেশের যেকোন প্রান্ত থেকে এখন আদালতের বিচারাধীন মামলার হালনাগাদ তথ্য, মামলার পরবর্তী তারিখ, রায় এবং আদেশ জানা যাবে।

ইতিমধ্যে বিভিন্ন জেলা এই কার্যক্রম উদ্বোধন করা হয়েছে। তারই ধারাবাহিকতায় মেহেরপুর জেলার আদালতসমূহের সকল তথ্য অনলাইনে প্রদান এবং প্রকাশের নিমিত বিচারক ও সহায়ক কর্মচারীদের নিয়ে তিন দিনব্যাপী এই ভার্চুয়াল প্রশিক্ষণ আয়োজন।

আজ সোমবার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুরের ভারপ্রাপ্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস।

সংযুক্ত ছিলেন বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল তোহিদুল ইসলাম, চীফ জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট আবু বকর সিদ্দিকসহ মেহেরপুরের সকল বিচারক, ম্যাজিস্ট্রেট এবং আদালতের সহায়ক কর্মচারীবৃন্দ।

এটুআই জুডিসিয়ারি টিমের পক্ষ থেকে স্বাগত বক্তব্য প্রদান করেন অতিরিক্ত জেলা জজ ফারজানা খান। অনলাইন কজ লিস্ট ম্যানেজমেন্ট সিস্টেমের পরিচিতি ও পরিচালনা বিষয়ে ব্যবহারিক সেশন পরিচালনা করেন এটুআই জুডিসিয়ারি টিমের অন্যতম সদস্য অতিরিক্ত জেলা ও দায়রা জজ সাব্বির মাহমুদ চৌধুরী।

ভার্চুয়াল প্রশিক্ষণ কর্মশালাটি সঞ্চালনা করেন সিনিয়ার জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ।

মেহেরপুর শহরে পুলিশের অভিযান ৮ মাদকসেবি আটক

মেহেরপুর শহরে মাদক বিরোধী অভিযান চালিয়ে ৮ মাদকসেবিকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম আজ সোমবার (৮ মে) সকাল থেকে বিকাল পর্যন্ত

মেহেরপুর শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামিদের আটক করা হয়।

আটকরা হলেন, মেহেরপুর শহরের ক্যাশবপাড়া এলাকার ইসমাইল হোসেন ওরফে আহার আলীর ছেলে জনি হোসেন (২৬), একই এলাকার আব্দুল মতিনের ছেলে শাকিল হোসেন (১৯), বেড়পাড়া এলাকার আব্দুল হামিদ বিশ্বাসের ছেলে রনি বিশ্বাস (৩৬), সদর উপজেলার গোভীপুর গ্রামের ইন্নাল বিশ্বাসের ছেলে আব্দুস সালাম ওরফে লাল মিয়া (৫০), ফতেপুর গ্রামের পাচু মিয়ার ছেলে শহিদুল ইসলাম (৪৮), মেহেরপুর শহরের ঘোষপাড়া এলাকার কুতুব উদ্দীনের ছেলে রেজাউল ইসলাম (২৪), নতুনপাড়া এলাকার মোমিন সর্দারের ছেলে আবু বক্কর ওরফে ইলু (২৯)ও একই পাড়ার জয়নাল হোসেনের ছেলে লিটন (৩৬)।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, শহরের বিভিন্ন স্থানে পুলিশ অভিযান চালিয়ে এসব মাদকসেবিদের আটক করা হয়েছে।
আটক মাদক সেবিদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আজ সোমবার বিকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৬

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার হয়েছে।
এদের মধ্যে নিয়মিত মামলার ৪, আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ১ ও পুলিশের দায়ের করা ১৫১ ধারায় ১ জন আসামি রয়েছে।
সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে রবিবার সকাল থেকে আজ সোমবার (৮ মে) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়েছে। এদের মধ্যে সদর থানা পুলিশ নিয়মিত মামলায় ১ ও পুলিশের দায়ের করা

১৫১ ধারায় ১ জনসহ ২ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩ ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ আসামি গ্রেফতার করেছে।
গাংনী থানা ও সদর থানা পুলিশের সূত্র এই তথ্য নিশ্চিত করেছেন। গ্রেফতারকৃতদের আজ সোমবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের মাস্টার প্যারেড অনুষ্ঠিত

মেহেরপুরে পুলিশের মাস্টার প্যারেড অনুষ্ঠিত হয়েছে। আজ (৭ মে) সকালের দিকে মেহেরপুর জেলা পুলিশ লাইনে সাপ্তাহিক মাস্টার প্যারেড অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, পিপিএম-সেবা মাস্টারগ্রাউন্ডে অভিবাদন গ্রহণ করেন।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) মোঃ জামিরুল ইসলাম ও অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) মোঃ আজমল হোসেন উপস্থিত ছিলেন।

জেলা পুলিশের সকল পর্যায়ের অফিসার ও ফোর্সের অংশগ্রহণে অনুষ্ঠিত এই প্যারেড পরিদর্শন এবং সকল পর্যায়ের অফিসার ও ফোর্সদের বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন।

মেহেরপুরে বিভিন্ন মামলার ৮

আসামি গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় ৮ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে ৪ ও সদর থানা পুলিশের অভিযানে ৪ জন আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল শনিবার সকাল থেকে আজ রবিবার (৭ মে) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতদের মধ্যে গাংনী থানা পুলিশ পুরাতন মামলায় ১ জন আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ১ ও অন্যান্য মামলায় ২ জন আসামি গ্রেফতার করে। এছাড়া মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ২ ও মাদক মামলায় ২ আসামি গ্রেফতার করে।

মেহেরপুর সদর থানা ও গাংনী থানা সূত্রে এই খবর নিশ্চিত করেছে।

আজ রবিবার (৭ মে) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।